

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৮৭৭

كتاب الحج) علام الحج)

পরিচ্ছেদঃ ১৫/৯১. মদীনাহর অধিবাসীরা যখন মদীনাকে পরিত্যাগ করবে।

في المدينة حين يتركها أهلها

আরবী

حديث أبي هُرَيْرَةَ رضي الله عنه، قَالَ: سَمِعْتُ رَسُولَ اللهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: يَتْرُكُونَ الْمَدِينَةَ عَلَى خَيْرِ مَا كَانَتْ لاَ يَغْشَاهَا إِلاَّ الْعَوَافِ يُرِيدُ عَوَافِيَ السِّبَاعِ وَالطَّيْرِ وَالطَّيْرِ وَالْحَيْنَ وَالطَّيْرِ وَالْحَيْنَ وَالْطَيْرِ وَالْحَيْنَ وَالْعَيْنِ مِنْ مُزَيْنَةَ يُرِيدَانِ الْمَدِينَةَ، يَنْعَقَانِ بِغَنَمِهِمَا فَيَجِدَانِهَا وَحْشًا، وَآخِر مَنْ يَحْشَرُ رَاعِيَانِ مِنْ مُزَيْنَةَ يُرِيدَانِ الْمَدِينَةَ، يَنْعَقَانِ بِغَنَمِهِمَا فَيَجِدَانِهَا وَحْشًا، حَتَّى إِذَا بَلَغَ تَنِيَّةَ الْوَدَاعِ خَرَّا عَلَى وُجُوهِهِمَا

বাংলা

৮৭৭. আবু হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, তোমরা উত্তম অবস্থায় মদীনাহকে রেখে যাবে। আর জীবিকা অম্বেষণে বিচরণকারী অর্থাৎ পশু-পাখি ছাড়া আর কেউ একে আচ্ছন্ন করে নিতে পারবে না। সবশেষে যাদের মদীনাতে একত্রিত করা হবে তারা হল মুযায়না গোত্রের দু'জন রাখাল। তারা তাদের বকরীগুলোক হাঁকডাক দিয়ে নিয়ে যাওয়ার উদ্দেশেই মদীনাহতে আসবে। এসে দেখবে মদীনাহ বন্য পশুতে ছেয়ে আছে। এরপর তারা সানিয়্যাতুল-বিদা নামক স্থানে পৌছতেই মুখ থুবড়ে পড়ে যাবে।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ২৯: মদীনাহর ফাযীলাত, অধ্যায় ৫, হাঃ ১৮৭৪; মুসলিম, পর্ব ১৫: হাজ্ব, অধ্যায় ৯১, হাঃ ১৩৮৯

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন